

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নিরীক্ষা অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭-৯৫

তারিখ : ১৫ তারু ১৪২৪
৩০ আগস্ট ২০১৭

বিষয়: সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আয়-ব্যয় সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা গত ৬ জুলাই ২০১৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র (স্মারক নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫) জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। পরিপত্র অনুসরণ করা সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক।

০২। লক্ষ্য করা গেছে যে, কোন কোন প্রতিষ্ঠানে উক্ত পরিপত্রের নির্দেশনা উপেক্ষা করে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ আদায় করা হচ্ছে। এছাড়া, শুধুমাত্র একাডেমিক কাউন্সিলের অনুমোদন গ্রহণ করে এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা আর্থিক বিধির পরিপন্থ। স্বার্থে যে, সরকারি নির্দেশের ব্যত্যয় ঘটিয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ একাডেমিক কাউন্সিলের এখতিয়ার বহিভূত।

০৩। এমতাবস্থায়, অত্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, আর্থিক বিধি-বিধান লংঘনের ক্ষেত্রে সকল দায়-দায়িত্ব আয়ন-ব্যয়ন কর্মকর্তা তথা প্রতিষ্ঠান প্রধানের উপর ব্যক্তিগতভাবে বর্তাবে।

৩০৮.৩
২২)

(আহমদ শামীম আল রাজী)
যুগ্ম-সচিব (আইন ও নিরীক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন-০২৯৫১৫৭৪৪

বিতরণ:

১। অধ্যক্ষ (সকল সরকারি কলেজ)

২। প্রধান শিক্ষক (সকল সরকারি উচ্চ বিদ্যালয়)

অনুলিপি(আতার্থে/কার্যার্থে):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/রংপুর/সিলেট) অঞ্চল (তাঁর আওতাতুক্ত সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের অনুরোধসহ)।
৪. সিনিয়র সিলেক্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (তাঁকে বর্ণিত পরিপত্রসহ এ পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

‘পরিপত্র’

স্মারক নং শিয়া/অডিট সেল/২৪৩/২০১১/ ৮৭৫

তারিখ : ২২ আগস্ট ১৪২১
০৬ জুলাই ২০১৪

বিষয় : সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্ষেপ নীতিমালা।

দেশের সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৯/১১/২০০৭ তারিখের শিয়া/অডিট সেল/১৪৯/২০০৮/৫৯২ সংখ্যক পরিপত্র সংশোধন করে নিম্নরূপ পরিপত্র জারী করা হল:-

- (ক) আর্থিক স্বচ্ছতা ও জৰাবদিহিতা নিশ্চিতকরে যাবতীয় আর্থিক বিধি-বিধান পরিপালন সাপেক্ষে অর্থ আদায় এবং ব্যয় করতে হবে;
- (খ) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে টিউশন ফি, ভর্তি/পুনঃভর্তি ফি, ইত্যাদি ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে।
- (গ) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড অথবা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত খাতে আদায়কৃত অর্থ নির্দেশনা মোতাবেক স্ব-স শিক্ষা বোর্ড ও বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- (ঘ) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে তফসিল “ক”, “খ”, “গ”, “ঘ”, “ঙ” ও “চ” অনুযায়ী (যার জন্য যেটি প্রযোজ্য) নির্ধারিত হারে অর্থ আদায় করা হবে এবং আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট খাতের ব্যয় নির্বাহ করতে হবে।
- (ঙ) এই নীতিমালার আওতায় আদায়কৃত সকল অর্থসহ অন্যান্য উৎস হতে সংগৃহীত/প্রাপ্ত অর্থ স্ব-স শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।
- (চ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

১. ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের তফসিলভুক্ত খাত (“ক”, “খ”, “গ”, “ঘ”, “ঙ” ও “চ”) :

- ১.১. উন্নিষিত তফসিল বহির্ভূত কোন অর্থ শিক্ষার্থীদের নিকট হতে আদায় করা যাবে না।
- ১.২. তফসিলভুক্ত খাতে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিকটস্থ তফসিল ব্যাংকের পৃথক পৃথক সঞ্চয়ী হিসাবে জমা রাখতে হবে।
- ১.৩. আন্তর্জাতিক হিসাব বিজ্ঞানের মান (IAS) অনুযায়ী প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জৰাবদিহিতা নিশ্চিতকরে শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত ছক মোতাবেক হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১.৪. অত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কাউন্সিল কর্তৃক মনোনীত দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক দ্বারা অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে। অডিট কমিটি কর্তৃক প্রতিবেদন অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন একাডেমিক কাউন্সিল, প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউন্টিং), ও শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
- ১.৫. বিবিধ খাতে আদায়কৃত অর্থ দ্বারা এই খাতের জন্য নির্ধারিত ব্যয় করা যাবে। প্রতিষ্ঠান প্রধান ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের মাধ্যমে এ অর্থ ব্যয় করবেন এবং ব্যয়ের জন্য প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন গ্রহণ করতে হবে।


২. আদায়কৃত অর্থ ব্যয়ের পর্যাতি :

- ২.১. ছাত্র/ছাত্রীদের নিকট থেকে “ক”, “খ”, “গ”, “ঘ”, “ঙ” ও “চ” তফসিলে বর্ণিত খাতসমূহে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট খাত ব্যতীত অন্য খাতে স্থানান্তর ও ব্যয় করা যাবে না। তবে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আদায়কৃত বা অব্যয়িত অর্থ এবং জমাকৃত অর্থের ব্যাংক সুদের অর্থ অন্য খাতে স্থানান্তরসহ ব্যয় করা যাবে।

৩. ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের ব্যবহার :

- ৩.১. ছাত্র/ছাত্রীদের নিকট থেকে “ক”, “খ”, “গ”, “ঘ”, “ঙ” ও “চ” তফসিলে বর্ণিত খাতসমূহে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট খাত ব্যতীত অন্য খাতে স্থানান্তর ও ব্যয় করা যাবে না। তবে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আদায়কৃত বা অব্যয়িত অর্থ এবং জমাকৃত অর্থের ব্যাংক সুদের অর্থ অন্য খাতে স্থানান্তরসহ ব্যয় করা যাবে।
- ৩.২. ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের ব্যবহার :

- (ক) এ অর্থ ব্যক্তিগত কোন প্রকার ঝণ/অগ্রিম হিসাবে প্রদান করা যাবে না।
- (খ) এ নীতিমালার অধীনে প্রদত্ত অগ্রিম সংশ্লিষ্ট কর্তৃ সম্পাদনের ৩০ (তিশ) দিনের মধ্যে অথবা সংশ্লিষ্ট আর্থিক বৎসরের মধ্যে আবশ্যিকভাবে সমন্বয় করতে হবে।



- (গ) ক্রয়কৃত মালামাল যথাযথভাবে স্টক রাখতে লিপিবদ্ধ করতে হবে এবং বটনের সময় চাইদাপত্রসহ যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে।
- (ঘ) বিল পরিশোধের পূর্বে মালামাল যথাযথভাবে বুঝে পাওয়া বা মেরামত অথবা অন্যান্য কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে যর্থে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে।
- (ঙ) ২০,০০০/- টাকার অতিরিক্ত যে কোন বিল ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- (চ) অধিক পরিমাণ অর্থ তহবিলে জন্য না মেখে সংগৃহীত অর্থ প্রচলিত বিধি বিধান পালন সাপেক্ষে প্রতিষ্ঠান ও ছাত্র/ছাত্রীদের উন্নয়ন এবং কল্যাণের জন্য ব্যয় করা যেতে পারে।
- (ছ) তহবিলের আর-ব্যয়ের হিসাব প্রচলিত বিধি মোতাবেক সংরক্ষণ করতে হবে।
- (জ) ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থের ব্যাংক সুস সরকারি কোষাগারে ইমায়োগ্য নয় এবং উহা প্রতিষ্ঠানের উন্নয়নের স্বার্থে যথোপযুক্ত পর্যায়ে অনুমোদন সাপেক্ষে ব্যয় করতে হবে।

৩.৩. ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থে আসবাবপত্র, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি জরুরী ভিত্তিতে ক্রয়ে বিদ্যমান সরকারি ক্রয় নীতিমালা/আইন অনুসরণ করতে হবে। যন্ত্রপাতি ও যানবাহন ক্রয়ে সরকারি প্রচলিত বিধিবিধান মেনে চলতে হবে।

৩.৪. উন্নয়ন তহবিলের অর্থ শুধুমাত্র প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রমের জন্য বিদ্যমান সরকারি ক্রয় নীতিমালা/আইন অনুসরণ পূর্বক ব্যয় করা যাবে।

৩.৫. নিয়াপত্র/নৈশ অধীক্ষী/অত্যাবশ্যকীয় কর্মচারী থাতে আদায়কৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে :

- (ক) দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মজুরের মজুরি প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে);
 (খ) প্রতিষ্ঠানের ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ নানাবিধ ব্যয় এবং
 (গ) কম্পিউটার/কম্পিউটার ল্যাব পরিচালনার জন্য অফিসীয় ভাবে নিম্নোক্ত জনবলের মজুরি/প্রশিক্ষণ ব্যয়।

৩.৬. বিবিধ তহবিল এর অর্থ নিম্নলিখিত খাতে ব্যয় করা যাবে :

- (ক) কলেজের জন্য স্টেশনেরি, বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়;
 (খ) কলেজ পর্যায়ে বিভিন্ন সভা;
 (গ) আপ্যায়ন ইত্যাদি।

৪. পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব পালন :

৪.১. "ই" তফসিলে অন্তর্ভুক্ত পরীক্ষাসমূহের জন্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

৪.২. পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব সুচারূপে সম্পাদনের সক্ষে প্রতিষ্ঠান প্রধান শিক্ষা বৎসরের উপরেই পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনা করে আহবানকসহ ন্যূনতম ০৩ সদস্য বিশিষ্ট একটি পরীক্ষা কমিটি গঠন করবেন।

৪.৩. পরীক্ষা কমিটি গঠনের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে :

- (ক) প্রত্যেক শিক্ষককে পর্যায়ক্রমে কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।
 (খ) প্রতিষ্ঠানে কর্মরত ত্রৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য থেকে পর্যায়ক্রমে যথাসম্ভব সহায়ক স্টাফ হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।
 (গ) সহশ্লিষ্ট পরীক্ষা কমিটির আহবায়ক-কে তাঁর কাজের জন্য প্রাক্কলিত বাজেট প্রণয়নপূর্বক প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন নিতে হবে। পরীক্ষা কার্য সম্পাদনের পর প্রাপ্তি ও ব্যয়ের হিসাব প্রতিষ্ঠান প্রধানের নিকট দাখিল করতে হবে।
 (ঘ) কমিটি কার্য পরিচালনা সংক্রান্ত ব্যয় নির্বাচনের ক্ষেত্রে যথাসম্ভব কৃত্ত্বা পালন করবে। কমিটির কাজ যথাযথ ও সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট কমিটির আহবায়ক ও সদস্যবৃন্দ যৌথভাবে দায়ী ধাকবেন।

৫. পারিশ্রমিক/পারিতোষিক প্রদান :

- (ক) শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যব (প্রশ্নপত্র সম্পত্তি/প্রশ্নল/ছাপানো/উত্তরগ্রন্থ প্রত্নত/মূল্যায়ন/সরবরাহ/আপ্যায়ন/মনোহাসি দ্রব্যাদি কর্ম ইত্যাদি) আর্থিক বিধি বিধানের আলোকে সম্পন্নের পর অবশিষ্ট অর্থ "জ" তফসিলের নির্ধারিত হার/অনুপাতে বক্টন করতে হবে।
- (খ) "জ" তফসিলে বর্ণিত পরীক্ষাসমূহ ছাড়াও সরকারি কর্ম কমিশন, উন্নত বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত বিভিন্ন পরীক্ষা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পরিচালিত হয়ে থাকে। সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের নির্দিষ্ট নীতিমালা না থাকলে এসকল পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রেও উপরে বর্ণিত পদ্ধতি ও নীতিমালা অনুসরণ করতে হবে।
- (গ) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রাপ্তি-প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ ও বিস্তারিত হিসাব রেজিস্টার নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।

৬. সেমিনার তহবিলের আদায় হার ও ব্যবহার :

৬.১. যে সকল সরকারি প্রতিষ্ঠানে অন্তর্বর্তী ও মাস্টার্স কোর্স চালু আছে একটি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগে সেমিনার ফি আদায় করা যাবে। যেহেতু সেমিনার তহবিল শিক্ষার্থীদের নিকট হতে সংগৃহীত অর্থে গঠিত, এ অর্থ সম্পূর্ণভাবে শিক্ষার্থীদের কল্যাণে ব্যয় করতে হবে। এ খাতে আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান প্রাকলিত বাজেট তৈরি করে একাডেমিক কাউন্সিলের অনুমোদন গ্রহণ করবেন। নিম্নোক্ত কাজে এ অর্থ ব্যয় করা যাবে :

- (ক) সেমিনারের জন্য বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ব্যবস ন্যান্তম ২০% ব্যয়;
- (খ) সেমিনারের জন্য আসবাবপত্র, শিক্ষাসহায়ক সামগ্রী ক্ষমতা;
- (গ) অতিথি শিক্ষকদের পারিশ্রমিক ও পারিতোষিক প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে);
- (ঘ) অডিও সোর্সিং এর মাধ্যমে বিভাগীয় পাঠাগার, শিক্ষাসহায়ক কার্যক্রমে নিয়োজিত অঙ্গীয়ারী কর্মচারী, কম্পিউটার ভাট্টা এন্ড্রিয় অপারেটরের মন্তব্য প্রদান;
- (ঙ) সেমিনার/কর্মশালা-জনিত ব্যয়;
- (চ) বিভাগীয় স্টেশনারী ব্যবস ব্যয়;
- (ছ) বিভাগীয় সভার আপ্যায়ন ব্যয়;
- (জ) বিভাগীয় টেলিফোন বিল (প্রযোজ্য ক্ষেত্রে)

৬.২. প্রত্নোক বিভাগের সেমিনার তহবিলের জন্য আলাদা ব্যাকে হিসাব থাকবে এবং এই ব্যাকে হিসাব অধ্যক্ষ ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। ব্যাকে হিসাবে প্রাণ সুন্দ কলেজের উন্নয়নে ব্যবহার করা যাবে। বিভাগীয় প্রধান প্রাপ্তি-প্রদান হিসাব সংক্রান্ত বই, রেজিস্টার নিরীক্ষার জন্য সংরক্ষণ করবেন।

৬.৩. বিভাগীয় প্রধান বিভাগীয় কমিটির মাধ্যমে ক্রয় বা কাজ সম্পন্ন করবেন। বিভাগীয় কমিটি নিম্নোক্তভাবে গঠিত হবে :

- | | |
|---|------------|
| (ক) বিভাগীয় প্রধান | সভাপতি |
| (খ) বিভাগীয় একজন সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক | সদস্য |
| (গ) বিভাগীয় একজন সহকারী অধ্যাপক/প্রভাষক | সদস্য সচিব |

৭. একাডেমিক কাউন্সিল গঠন :

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্তভাবে একাডেমিক কাউন্সিল গঠিত হবে:

- | | |
|--|------------|
| (ক) প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| (খ) সকল বিভাগীয় প্রধান | সদস্য |
| (গ) শিক্ষক পরিষদের সম্পাদক | সদস্য |
| (ঘ) সকল হোস্টেল সুপার(প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (ঙ) উপাধ্যক্ষ | সদস্য সচিব |
- উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠ বিভাগীয় প্রধান অথবা শিক্ষক পরিষদের সম্পাদক প্রতিনিধি সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন।

৮. নিরীক্ষা কার্যক্রম :

- ৮.১ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থ সরকারের নিরীক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং যন্ত্রণালয়ের নির্দেশকর্মে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর(ডি.আই.এ) এর নিরীক্ষা/পরিদর্শন আওতাকৃত থাকবে। উল্লিখিত যে কোন কর্তৃপক্ষের উত্থাপিত অভিট আপত্তি এই পরিপন্থের আওতায় এবং নীতিমালায় নিষ্পত্তিঘোষ কলে গণ্য হবে।
- ৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য প্রতি পক্ষে বর্ষে ০২ (দুই) বার ক্যাশ বহি ও ব্যাক বিবরণী সংগ্রহপূর্বক সমন্বয় বিবরণী (Bank Reconciliation Statement) প্রস্তুত করতে হবে।
- ৮.৩ হিসাব সংরক্ষণের সাধারণ নীতিমালা ও পদ্ধতি অনুসরণপূর্বক "ক", "খ", "গ", "ঘ", "ঙ" ও "চ" ভৱসিলে বর্ণিত খাতের জন্য পৃথক পৃথক হিসাব(রেজিস্টার) সংরক্ষণ করতে হবে।
৯. অর্থ বিভাগ ও যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন মিমে এ নীতিমালা আরী করা হল।

ভৱসিল "ক"

(উচ্চমাধ্যমিক/সময়ন/ভদ্রূর্ধ পর্যায়ের (কারিগরি বাটীত) ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থ)

ক্রমিক	প্রতিরোধ বাট	সর্বোচ্চ আদায়ের হার	মন্তব্য
০১	অভ্যন্তরীণ পরীক্ষা	প্রতি বিষয়/পত্রে ৪ বটার অর্থ ৫০/- টাকা, তদনিম্ন সরবরাহের জন্য ৪০/- টাকা	
০২	ছাত্র/ছাত্রী সহস্র	২৫/- টাকা	
০৩	ধর্মীয় অনুষ্ঠান	৩০/- টাকা	
০৪	সাহিত্য ও সংস্কৃতি	৫০/- টাকা	
০৫	বাহ্যিক পরীক্ষা	৫০/- টাকা	
০৬	অভ্যন্তরীণ পরীক্ষা ও ক্ষমতাবান	৪০/- টাকা	
০৭	বাহ্যিক পরীক্ষা/ভর্তি কেন্দ্র কি	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
০৮	যাগাঞ্জিন(যোজ্য ক্ষেত্রে)	৩০/- টাকা	
০৯	মোকাবের কাটট/কাটট/গোল্প পাইক্স	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
১০	বি.এস.সি.সি.	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
১১	মেজাজ/কাব/হলদে পার্টি	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
১২	মেজ ফিল্মেট	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
১৩	পরিচয় পত্র	৩০/- টাকা	
১৪	উন্নয়ন তহবিল (যোজ্য ক্ষেত্রে)	২০০/- টাকা	
১৫	লাইভেন্রি	২৫/- টাকা	
১৬	মসজিদ/মিসির (যোজ্য ক্ষেত্রে)	৫০/- টাকা	
১৭	বাবহারিক চূড়ান্ত পরীক্ষা কি (যোজ্য ক্ষেত্রে)	অনার্স/মাস্টার্স তরে ১ম দিন ১৩০/- টাকা ও পরবর্তী দিন ৭৫/- টাকা করে এবং উচ্চ মাধ্যমিক/সময়ন তরে প্রতিশত ৪০/- টাকা করে	
১৮	চূড়ান্ত সৌন্দর্য পরীক্ষা ফি (অনার্স ও মাস্টার্স তরে থ্রোজ্য)	৭৫/- টাকা	
১৯	পরিবহন (যোজ্য ক্ষেত্রে)		একাডেমিক কাউণ্সিলের অনুমোদনক্রমে
২০	অধিকৃতি কি (যোজ্য ক্ষেত্রে)	নির্ধারিত হারে	বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত
২১	সৈমিনি ফি (যোজ্য ক্ষেত্রে) (অনার্স/মাস্টার্স)	প্রতি শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদে ৫৫০/- টাকা এবং অন্যান্য অনুষদে ৮০০/- টাকা সেমিনার ফি	অনার্সের জন্য ৪ বৎসরের অর্থ এককালীন গ্রহণ করা যাবে।
২২	কল্যাণ তহবিল/সরিদ্ব তহবিল	২০/- টাকা	
২৩	ল্যাবরেটরী (যোজ্য ক্ষেত্রে)	১০০/- টাকা	
২৪	নিরাপত্তা/লৈপ্স প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারী		একাডেমিক কাউণ্সিল কর্তৃক নির্ধারিত
২৫	চিকিৎসা সেবা	২০/- টাকা	
২৬	শিক্ষা সহায় কি (ভিত্তী/গাস), সম্মান ১ম অর্থ ১০/- পর্য বর্ষ ও মাস্টার্স শেষ পর্য, প্রিলিমিনেরি পাস কোর্স)	অর্থ বর্ষে ১০/- টাকা। মাস্টার্স ও প্রিলিমিনেরি ১০০/- টাকা হারে।	
২৭	বাবহারিক ফি	অর্থ বেজলেন্স ও ফরম প্রোগ্রামের প্রতিক্রিয়ে শিক্ষার্থী প্রতি ৫০/- টাকা হারে (প্রাথমিক ৩০% এবং বিভাগ ১০%)	
২৮	আইসিটি কি	২০/- টাকা	
২৯	বিজ্ঞান ক্লাব	২০/- টাকা	
৩০	বিষয়	১০০/- টাকা	

তফসিল "খ"
(মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থ)

অনুবিক নং	ধাতির ধাত	সর্বোচ্চ আদারের হার	মতব্য
০১	অভ্যন্তরীণ পরীক্ষা	প্রতিবিহায়/প্রতিপদ্মে ০৩ টনটাই জন্য ৩০/-টাকা	
০২	মুদ্রণ(প্রগতিপত্র, বেতনকার্ড, সিলেকশন, ব্যক্তি, ভাসেরি, হাজিরা খাত ইত্যাদি)	বার্ষিক ১৭৫/-টাকা	
০৩	টিফিন	মাসিক ৭৫/-টাকা	
০৪	ম্যাগাজিন	বার্ষিক ৬০/-টাকা	
০৫	কৌড়া (বহি: জৌড়া ও অভ্যন্তরীণ কৌড়া)	বার্ষিক ১০০/-টাকা	
০৬	সাংস্কৃতিক অনুষ্ঠান /বিতর্ক ও বিভিন্ন লিবস উদ্যাপন	বার্ষিক ৭৫/-টাকা	
০৭	ধর্মীয় অনুষ্ঠান(মিলাপ, পূজা ইত্যাদি)	বার্ষিক ৭৫/-টাকা	
০৮	লাইব্রেরী	বার্ষিক ৭৫/-টাকা	
০৯	কল্যাণ তহবিল/দারিদ্র্য তহবিল	বার্ষিক ৪০/-টাকা	
১০	কালিউটার	মাসিক ২০/-টাকা	
১১	কৃষি ও বাণান	বার্ষিক ৩০/-টাকা	
১২	ল্যাবরেটরী/প্রযোজনাগার	বার্ষিক ৪০/-টাকা	
১৩	রোডার কাউট/কাউট/পার্স গাইড	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে	
১৪	বিএনসিসি	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে	
১৫	রেড ক্লিসেন্ট	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে	
১৬	ক্ষমনক্রম	বার্ষিক ৩০/-টাকা	
১৭	পরিচয়পত্র	বার্ষিক ৫০/-টাকা	
১৮	নিরাপত্তা/নেশ প্রহরী/অত্যাবশ্যকীয় যায়	বার্ষিক ৩০/-টাকা	
১৯	নবীন ব্যবস্থাপনার সহিত	বার্ষিক ১০০/-টাকা	
২০	মসজিদ(প্রযোজন ক্ষেত্রে)	বার্ষিক ৫০/-টাকা	
২১	চিকিৎসা সেবা	বার্ষিক ২০/-টাকা	
২২	বিবিধ/আনুসংগঠিক	বার্ষিক ২০০/-টাকা	

তফসিল "গ"
(ইউনিয়ারিং কলেজ এর ছাত্র/ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থ)

অনুবিক নং	ধাতির ধাত	সর্বোচ্চ আদারের হার	মতব্য
০১	ভর্তি/পুনঃ ভর্তি	২০০/-টাকা	সরকারী কাছে জমা হয়
০২	বেতন (প্রতি সেমিস্টার)	১২০০/-টাকা	সরকারী কাছে জমা হয়
০৩	ল্যাবরেটরী জ্ঞানাত	৬০০/-টাকা	ফেরত যোগ্য
০৪	লাইব্রেরী জ্ঞানাত	৪০০/-টাকা	ফেরত যোগ্য
০৫	অভ্যন্তরীণ পরীক্ষা ফি (প্রতি সেমিস্টার)	১০০/-টাকা	প্রযোজ্যক্ষেত্রে
০৬	ম্যাগাজিন (বার্ষিক)	৫০/-টাকা	--
০৭	ধর্মীয় তহবিল	১০০/-টাকা	--
০৮	নথর পত্র ফি	৩০০/-টাকা	বিশ্ববিদ্যালয় কাছে জমা হয়
০৯	রোডার কাউট	৩০/-টাকা	--
১০	রেজিস্ট্রেশন ফি	৩০০/-টাকা	বিশ্ববিদ্যালয় কাছে জমা হয়
১১	শাহু পরীক্ষা/ চিকিৎসা সেবা	৫০/-টাকা	--
১২	পরিচয় পত্র ফি	৫০/-টাকা	--
১৩	রেড ক্লিসেন্ট ফি	২০/-টাকা	--
১৪	বেতন বহি (ভর্তির সময়)	৪০/-টাকা	--
১৫	ভর্তি আবেদনপত্র ফি	১০০/-টাকা	বিশ্ববিদ্যালয় কাছে জমা হয়
১৬	মসজিদ উন্নয়ন ফি	৩০/-টাকা	--
১৭	জৌড়া ও সংস্কৃতিক ফি	১০০/-টাকা	--
১৮	প্রশংসা পত্র ফি	৫০/-টাকা	--
১৯	অধ্যায়নরত শিক্ষার্থীদের সনদ পত্র ফি	২০/-টাকা	--
২০	পরিবহন ফি	৭৫/-টাকা	(প্রযোজন ক্ষেত্রে)
২১	দারিদ্র্য তহবিল/কল্যাণ তহবিল	৩০/-টাকা	--
২২	অভ্যবশ্যকীয় কর্তৃপক্ষ/ নিরাপত্তা/ নেশ প্রহরী	৪৫০/-টাকা	একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্ষেত্রে
২৩	অইসিটি ফি	৫০/-টাকা	--
২৪	সাইকেল গ্যারেজ ফি	২০/- টাকা	প্রযোজন ক্ষেত্রে
২৫	বিশ্ববিদ্যালয় সেমিস্টার ফি	৩০০০/- টাকা	বিশ্ববিদ্যালয় কাছে জমা হয়
২৬	ক্লেন্স ফি	১০০০/-টাকা	--
২৭	অতিথি শিক্ষক/ সেমিনার ফি	২০০০/-টাকা	--
২৮	বিবিধ	৬০০/-টাকা	--



তফসিল "ব"

(পলিটেকনিক ইলাটিউট এর ছাত্র/ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থ)

অনুমতি নং	প্রাপ্তির ধাত	সর্বোচ্চ আদায়ের হার	মন্তব্য
১.	ভর্তি ফি/পুঁথি ভর্তি	১০/- টাকা	সরকারী ফাতে জমা হয়
২.	বেতন (বার্ষিক) (অতি সেমিষ্টার)	৬০/- টাকা	সরকারী ফাতে জমা হয় *
৩.	জ্ঞানান্ত	৮০/- টাকা	ফেরত বোগ্য
৪.	আভ্যন্তরীণ পরীক্ষার ফি (অতি সেমিষ্টার)	১২০/- টাকা	প্রযোজ্য ক্ষেত্রে, একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে
৫.	ম্যাগজিন (বার্ষিক)	২৫/- টাকা	--
৬.	বর্ষায় তহবিল	২৫/- টাকা	--
৭.	সবসম পত্র ফি	২৫/- টাকা	প্রযোজ্য ক্ষেত্রে
৮.	বোতাম কাউটি/কাউটি/গার্লস গাইড	৩০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
৯.	রেজিস্ট্রেশন ফি	২০০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
১০.	ছাত্র/ছাত্রীদের শাহু পরীক্ষার ফি (ভর্তির সময়)	২৫/- টাকা	--
১১.	পরিচয় পত্র ফি	৩০/- টাকা	--
১২.	বেতন ফিল্স ফি	২০/- টাকা	--
১৩.	বেতন খরি (ভর্তির সময়)	১৫/- টাকা	--
১৪.	ভর্তির আবেদনপত্র ফি	৬০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
১৫.	মসজিদ উন্নয়ন ফি	৩০/- টাকা	--
১৬.	জীড়া ও সংস্কৃতি ফি	১০০/- টাকা	--
১৭.	ধূসো পত্র ফি	১০০/- টাকা	--
১৮.	অধ্যায়নরত শিক্ষার্থীদের সবসম পত্র ফি	২০/- টাকা	--
১৯.	পরিবহন (প্রযোজ্য ক্ষেত্রে)	৭৫/- টাকা	একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে (প্রযোজ্য ক্ষেত্রে)
২০.	সর্কিন তহবিল/কল্যাণ তহবিল	২০/- টাকা	--
২১.	নিরাপত্তা/বেশ প্রেরণা/অত্যাবশ্যকীয় শিক্ষক/কর্মচারী	৩৭৫/- টাকা	একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে
২২.	আইসিটি ফি	৩০/- টাকা	--
২৩.	সাইকেল গ্যারেজ ফি	২০/- টাকা	প্রযোজ্য ক্ষেত্রে *
২৪.	অভিভাবক সিদ্ধান্ত ফি (অতি সেমিষ্টার)	২০/- টাকা	--
২৫.	বিবিধ	১০০/- টাকা	--

তফসিল "ভ"

(টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর ছাত্র/ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থ)

অনুমতি নং	প্রাপ্তির ধাত	সর্বোচ্চ আদায়ের হার	মন্তব্য
১	ভর্তি/পুঁথি ভর্তি ফি	১০/- টাকা	সরকারি ফাতে জমা হয় :
২	বেতন (বার্ষিক) (অধ্যায়ন ছাত্রদের জন্য)	১২০/- টাকা	সরকারি ফাতে জমা হয়।
৩	জ্ঞানান্ত	১০০/- টাকা	ফেরতবোগ্য
৪	আভ্যন্তরীণ পরীক্ষা ফি	১০০/- টাকা	--
৫	ম্যাগজিন (বার্ষিক)	২৫/- টাকা	--
৬	বর্ষায় তহবিল	২৫/- টাকা	--
৭	বোতাম কাউটি/গার্লস গাইড	৩০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
৮	রেজিস্ট্রেশন ফি	১৩০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
৯	ছাত্র/ছাত্রীদের শাহু পরীক্ষা ফি (ভর্তির সময়)	২৫/- টাকা	--
১০	পরিচয় পত্র ফি	৩০/- টাকা	--
১১	বেতন ফিল্স ফি	২০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
১২	ভর্তির আবেদন পত্র ব্যবস	১০০/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
১৩	মসজিদ উন্নয়ন ফি	৩০/- টাকা	--
১৪	জীড়া ও সংস্কৃতিক ফি	১০০/- টাকা	--
১৫	ধূসো পত্র ফি	১০০/- টাকা	--
১৬	অধ্যায়নরত শিক্ষার্থীদের সবসম পত্র ফি	২০/- টাকা	--
১৭	সর্কিন তহবিল/কল্যাণ তহবিল	২০/- টাকা	--
১৮	নিরাপত্তা/বেশ প্রেরণা/অত্যাবশ্যকীয় শিক্ষক/কর্মচারী	২০০/- টাকা	একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে
১৯	আই সি টি ফি	৩০/- টাকা	--
২০	সাইকেল গ্যারেজ ফি	২০/- টাকা	প্রযোজ্য ক্ষেত্রে
২১	অভিভাবক সিদ্ধান্ত ফি (বার্ষিক)	২০/- টাকা	--
২২	বিজ্ঞান ও অ্যান্টি ফি	০৫/- টাকা	বোর্ড কর্তৃক নির্ধারিত হারে
২৩	বিবিধ	৫০/- টাকা	--

তফসিল "চ"

(টিচার্স ফেনিং কলেজ-এর ছাত্র-ছাত্রীদের নিকট হতে আসারকৃত অর্থ)

ক্রমিক নং	ধাতির ধাত	সর্বোচ্চ আদায়ের হার	মতব্য
০১	অভ্যর্তীন পরীক্ষা	প্রতি বিষয়/প্রত্যেক ৪ বটার জন্য ৩০/-টাকা, অসমিয় সময়ের জন্য ২৫/-টাকা।	--
০২	ছাত্র/ ছাত্রী সঙ্গে	৫০/-টাকা	--
০৩	ধর্মীয় অনুষ্ঠান	৫০/-টাকা	--
০৪	সার্বভাৱ সংস্কৃতি	৫০/-টাকা	--
০৫	বহিঃ উন্নতি	৫০/-টাকা	--
০৬	অভ্যর্তীন জীবন ও ক্রমসূল্য	৫০/-টাকা	--
০৭	যোগাযোগ	৬০/-টাকা	--
০৮	পরিচয় পত্র	৫০/-টাকা	--
০৯	উন্নয়ন উন্নয়ন	২০০/-টাকা	--
১০	লাইব্রেরী	২৫/-টাকা	--
১১	ব্যাঙ্গাল/মালিদ	৫০/-টাকা	--
১২	চূড়ান্ত বাস্থারিক পরীক্ষা	বি.এফ(অনাসি)/এম.এফ স্টের ১ম দিন ১০০/- টাকা ও গুরুবৰ্ষী সিল ৫০/-টাকা হারে।	--
১৩	মৌখিক পরীক্ষা	৬০/-টাকা	--
১৪	কল্যাণ উন্নয়ন/সর্বিক্ষণ উন্নয়ন	২৫/-টাকা	--
১৫	ল্যাবরেটরী	১০০/-টাকা	--
১৬	চিকিৎসা সেবা	২০/-টাকা	--
১৭	পরিবহন ও জীবাণু	-	একাডেমিক কাউন্সিলের অনুযোদনক্রমে বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারে।
১৮	অধিকৃতি ফি	-	একাডেমিক কাউন্সিলের অনুযোদনক্রমে (বি.এফ অনাসি ও এম.এফ)
১৯	সেমিনার ফি	-	--
২০	নিরাপত্তা ও নৈপুণ্য/ অত্যাবশ্যকীয় কর্মচারী	-	একাডেমিক কাউন্সিলের অনুযোদনক্রমে
২১	অনুশীলনী পাঠ্যন্বয়-১	১৫০/-টাকা	--
২২	অনুশীলনী পাঠ্যন্বয়-২	১৫০/-টাকা	--
২৩	টেক্সুলেশন	৫০/-টাকা	--
২৪	কল্পিউটার ল্যাব	১০০/-টাকা	--
২৫	সমাজ কল্যাণ	৫০/-টাকা	--
২৬	আঁচার সিদ্ধ উন্নয়ন	৫০/-টাকা	--

তফসিল "ছ"

ক্রমিক	পরীক্ষা সমূহের নাম(মাধ্যমিক/কলেজ/কারিগরি)
০১	পিএসসি/জেএসসি/মাধ্যমিক/সময়মান/প্রাতক (পাস/সম্মান) / মাস্টার্স পাঠ-১, ২/সময়মান পরীক্ষা কর্মসূলি।
০২	পিএসসি/জেএসসি/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/সময়মান/প্রাতক (পাস/সম্মান) / মাস্টার্স পাঠ-১, ২/সময়মান প্রতি ও জেরিফ্রেন্স কর্মসূলি
০৩	পিএসসি/জেএসসি/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/সময়মান/ প্রাতক (পাস/সম্মান)/মাস্টার্স পাঠ-১, ২/সময়মান চূড়ান্ত পরীক্ষা ও কর্ম পূরণ কর্মসূলি।

তফসিল "ছ"

পিকা বোর্ড/বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন পাবলিক পরীক্ষা এবং অভ্যর্তীন পরীক্ষার জন্য পারিশ্রমিক/পারিতোষিক অদানের হার

ক্রমিক নং	সরকারি কোষাগার	প্রশাসন, অফিস ও পরীক্ষা কর্মসূলি	ইনভিজিলেটর ও পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত শিক্ষক, কর্মচারী (এম.এল.এস.এস.এস. দারোয়ান, সুইপার ও অশ্যামলাল)	পিকা পরিষদ	মোট
০১	পরীক্ষার্থীর সংখ্যা ৫০০ এর নীচে ০%	৩৮%	৬০%	২%	১০০%
০২	পরীক্ষার্থীর সংখ্যা ৫০১ থেকে ১০০০ হলে ৫%	৩৫%	৫৮%	২%	১০০%
০৩	পরীক্ষার্থীর সংখ্যা ১০০০ এর উর্দ্ধে ১০%	৩২%	৫৬%	২%	১০০%

০১। প্রশাসন, অফিস ও পরীক্ষা কর্মসূলির অর্থ প্রশাসন, অফিস ও পরীক্ষা কর্মসূলির সদস্য প্রতোক-কে বা বা প্রতিষ্ঠানের সিকান্ড অনুযায়ী বটন
কর্তৃতে হবে।০২। ইনভিজিলেটর ও পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত শিক্ষক এবং কর্মচারীর (এম.এল.এস.এস. দারোয়ান, সুইপার ও অশ্যামলা) অর্থ নিম্নোক্ত
অনুপাতে বটন কর্তৃতে হবে।

ইনভিজিলেটর (একক)	সহায়কর্মী কর্মচারী (একক)	মোট
অনুপাত ১.০০	অনুপাত ০.৫০	১.৫০

১১২

পারিপক্ষ পরীক্ষা সময়ের ক্ষেত্রে অধ্যাদ্য/উপাধ্যক্ষ প্রতি পরীক্ষায় সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা অন্যান্য অভিভূতীগ পরীক্ষার জন্য সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সম্মানী ভাড়া হিসেবে এহণ করতে পারবেন। পরীক্ষা তহবিলের অব্যায়ত অর্থ (যদি ধাকে) সরকারি কোষাগারে জন্ম করতে হবে, এতদসংজ্ঞান্ত যাবতীয় হিসাব পরবর্তি নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।


 (মোঃ মুফার সেন)
 মুগা-সচিব(অডিট ও আইন অধিশাখা)
 শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

তারিখ: ২২ আগস্ট ১৪২১
 ০৬ জুলাই ২০১৪

শ্বারক নং-শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উভারীয় সাহ, উপসচিব(প্রবিধি-২ অধিশাখা), অর্থ বিভাগ। পরিপ্রতি পৃষ্ঠাক্ষনপূর্বক ০২ কপি সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


 (মোঃ মুফার সেন)
 মুগা-সচিব(অডিট ও আইন অধিশাখা)
 শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

তারিখ: ২২ আগস্ট ১৪২১
 ০৬ জুলাই ২০১৪

শ্বারক নং-০৭.০০.০০০০.১৭২.২২.০০৮.১৩. ১১৮

সচিব

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ রঞ্জিত কুমার সেন, মুগা-সচিব (নিরীক্ষা ও আইন অধিশাখা), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

শ্বারক নং-শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫

তারিখ: ২২ আগস্ট ১৪২১
 ০৬ জুলাই ২০১৪

বিতরণ (জ্যোতির মহানুসারে নম্ব):

- (০১) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
- (০২) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলী কমিশন, আগামৰ্গাঁও, ঢাকা।
- (০৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (০৪) অতিরিক্ত সচিব,(প্রশাঃ ও অর্থ)/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক/কারিগরি ও মন্ত্রাসা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- (০৫) মহাপরিচালক, জাতীয় ও রাজা/প্রত্ন/বৈদেশিক সাহায্যপ্রস্ত প্রকল্প/ সিলিঙ অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুমবাগিচা, ঢাকা।
- (০৬) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা(সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের জন্য)।
- (০৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড(সকল).....
- (০৮) চেয়ারম্যান, বাংলাদেশ মন্ত্রসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- (০৯) পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়/উন্নত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- (১০) অধ্যক্ষ(সকল).....
- (১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা পরিদর্শন, শিক্ষা ভবন, ঢাকা।
- (১২) প্রধান হিসাব বক্রশ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পট্টন, ঢাকা।
- (১৩) সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(তাঁকে পরিপ্রতি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- (১৪) প্রধান শিক্ষক(সকল)

সদয় অবগতির জন্যঃ

- (১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- (৩) মুগা-সচিব(অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


 (মোঃ মুফার সেন)
 অডিট কর্মকর্তা

ফোন-৯৮৫৭৩৮৮১
 ই-মেইল-audit_officer@moedu.gov.bd